

তারিখ : ২৭/০৯/২০২৩ খ্রি.

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত নির্দেশনাবলী (সংশোধিত)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিতব্য চূড়ান্ত ফলাফলে রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজে ২০২৩-২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের website: www.rmscraj.edu.bd তে প্রবেশ করে XI Class Admission মেনুতে ক্লিক করে পরবর্তী ধাপসমূহ অনুসরণ করতে হবে।

- অনলাইনে ভর্তির সময়: ২৬-০৯-২০২৩ তারিখ হতে ০৫-১০-২০২৩ তারিখ পর্যন্ত
- ভর্তি ফি ডাচ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং রকেটের মাধ্যমে পরিশোধ করতে হবে
- ভর্তির জন্য টাকার পরিমাণ নিম্নরূপ (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত)

বিজ্ঞান	মানবিক	ব্যবসায় শিক্ষা
২৮১৫/-	২৭৩৫/-	২৬৯৫/-

- অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার পর প্রাপ্ত ভর্তি ফরম এর সাথে নিম্নলিখিত কাগজপত্র ক্লাস শুরুর তারিখে নিজ নিজ শ্রেণি কক্ষে শ্রেণি শিক্ষকের নিকট জমা দিতে হবে।

### প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণ

- ০১। এস.এস.সি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র (একাডেমিক ট্রান্সক্রিপ্ট)। মূল নম্বরপত্র শিক্ষা বোর্ড হতে পাওয়া না গেলে অনলাইন নম্বরপত্র, এস.এস.সি পরীক্ষার মূল প্রবেশপত্র ও রেজি: কার্ড। মূল কাগজপত্রের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি শিক্ষার্থী নিজ দায়িত্বে সংরক্ষণ করবে।
- ০২। প্রশংসাপত্রের ফটোকপি ০১ কপি।
- ০৩। পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ কপি।
- ০৪। পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ কপি করে।
- ০৫। কোটাতে ভর্তির ক্ষেত্রে কোটা সংশ্লিষ্ট কাগজপত্র (মূল কপি দেখাতে হবে এবং ফটোকপি জমা দিতে হবে।)
- ০৬। অনলাইন হতে ডাউনলোডকৃত ফরম ০১ কপি।

উপরিলিখিত ০১ হতে ০৬ নং ক্রমিক বর্ণিত কাগজপত্রাদি A4 সাইজের একটি খামে ভরে নিজ নিজ শ্রেণি কক্ষে শ্রেণি শিক্ষকের নিকট ক্লাস শুরুর তারিখে জমা দিতে হবে। খামের উপরে- শিক্ষার্থীর নাম, আইডি, বিভাগ ও মোবাইল নম্বর স্পষ্টাক্ষরে লিখতে হবে।

- মুক্তিযোদ্ধা ও শিক্ষা কোটাতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে আগামী ২৬-০৯-২০২৩ তারিখে সকাল ১০ টায় নিম্নবর্ণিত কাগজপত্র ও অভিভাবকসহ প্রতিষ্ঠানের ১১৩ নম্বর কক্ষে উপস্থিত হওয়ার জন্য বলা হলো। কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তির অনুমতি দেয়া হবে।

### মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র (উপরিলিখিত ০১ - ০৬ নম্বরে বর্ণিত কাগজপত্রসহ)

- ১। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূলকপি ও ১কপি ফটোকপি।
- ২। মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি/সমমান সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ৩। মুক্তিযোদ্ধা দাদা অথবা নানা হলে যথাক্রমে পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্র, এসএসসি/সমমান সনদ। (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা অনলাইন জন্ম নিবন্ধনের মূলকপি ও ফটোকপি ১ কপি করে।
- ৪। অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অর্ন্তভুক্ত রয়েছে তার কপি।
- ৫। লাল মুক্তি বার্তা/বই এর ফটোকপি।
- ৬। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বাংলাদেশ গেজেটের কপি।

### শিক্ষা কোটায় ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র (উপরিলিখিত ০১ - ০৬ নম্বরে বর্ণিত কাগজপত্রসহ)

- ০১। শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীর দপ্তর প্রধান কর্তৃক প্রত্যয়ন পত্রের মূল কপি ও ০১ কপি ফটোকপি।
- ০২। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তার এক ধাপ উপরের উর্দ্ধতন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রের মূল কপি ও ০১ কপি ফটোকপি।

স্বাক্ষরিত/-

প্রফেসর দেবাশীষ রঞ্জন রায়  
অধ্যক্ষ

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।